মেহেরপুরে আর্থসামাজিক উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা নিয়ে মতবিনিময় সভা

মেহেরপুরে আর্থসামাজিক উন্নয়নে করনীয় ও গণমাধ্যমের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় মতবিনিময় সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন অবঃ আব্দুল মালেক, মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. গাজী রহমান, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, কাজীপুর ডিগ্রি কলেজের প্রভাষক রিয়াজ উদ্দিন, শিক্ষক হাসান রুদ্র, সাংস্কৃতিক ব্যাক্তি শামীম জাহাঙ্গীর সেন্টু, আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল ও অ্যাডভোকেট শফিকুল ইসলাম প্রমুখ।

মতবিনিময় সভায় বক্তরা বলেন, একজন আত্মসচেতন ও বিবেকবান সংবাদকর্মী দেশ ও জাতির জন্য পথপ্রদর্শক। আধুনিক প্রচার মাধ্যম সমাজে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে চিন্তা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটিয়ে দক্ষ জনশক্তিতে পরিণত করতে গণমাধ্যম সহায়ক ভূমিকা পালন করতে পারে। সুবিধাবঞ্চিত জনপদ ও নাগরিকদের আধুনিক ও সমৃদ্ধ মানুষে পরিণত করার ক্ষেত্রে ভূমিকা রাখে। গণমাধ্যমই পারে মানুষকে নতুন নতুন চিন্তা, ধারণা ও পদ্ধতি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করে উন্নত সমাজ প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা পালন করতে।

মতবিনিময় সভায় মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সকল সদস্যের উপস্থিতিতে শামিম জাহাঙ্গীর সেন্টু বলেন, মেহেরপুরের সাংস্কৃতি খেলাধুলা লস প্রজেক্ট। মানুষের টাকা হয়েছে কিন্তু সংস্কৃতি মনা মানুষ হারিয়ে গেছে। টাকার বিনিময়ে সাংস্কৃতিক ও ক্রীড়াঙ্গন বিক্রি হয়ে গেছে।’

আবদুল্লাহ আল আমিন বলেন, গণমাধ্যম রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ।’

খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল বলেন, ‘গণমাধ্যমের ভূমিকার কারণেই

মুজিবনগর উপজেলার মর্যাদা পেয়েছে।’

প্রভাষক রিয়াজ উদ্দিন বলে, ‘রেমিটেন্স ও কৃষিতে এখন উন্নত হচ্ছে গ্রামগুলো। তবে শিক্ষার অবস্থা খুবই খারাপ। গ্রামের ছেলেরা এখন শিক্ষা নেয়ার পরিবর্তে প্রবাসে যেতে বেশি আগ্রহী হয়ে উঠেছে। শিক্ষার হার কমে যাচ্ছে। এ ব্যাপারটি নিয়ে গণমাধ্যম কর্মীদের মনোযোগ দেয়া উচিত। ‘

অ্যাডভোকেট নজরুল ইসলাম বলেন, ‘মেহেরপুরে নারী শিশু নির্যাতন মামলার পরিমান বেশি। সব ক্ষেত্রে অস্থিরতা ও অসহিষ্ণুতার কারনে আর্থ সামাজিক উন্নয়নের অন্তরায় হচ্ছে। স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের মত সকল গণমাধ্যম ও সংবাদ কর্মীদের পেশাদারিত্ব বজায় রাখতে হবে। ‘

দর্শনায় সুবিধাভোগিদের সাথে মতবিনিময় সভায় এমপি টগর

চুয়াডাঙ্গা ২ আসনে দর্শনা পৌরবাসির উদ্দগ্যে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগি মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার ১১ নভেম্বর সকাল ১১ টার সময় দর্শনা পৌরসভার উদ্দগ্যে দর্শনা পৌরসভার বিভিন্ন স্তরের সাধারন মানুষ সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগীদের সাথে এ সভা অনুষ্টিত হয়। মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের বার বার নির্বাচিত সংসদ সদস্য আলী আজগর টগর।

এ সময় চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, বাংলাদেশের উন্নয়নের রুপকার জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ উন্নয়নের স্বর্ন শেখরে।জাতির জনকের স্বপ্ন পৃরনে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন তিনি।অবহেলিত এই জনপদের উন্নয়ন হয়েছে চোখে পড়ার মত।সারা বাংলাদেশসহ আমাদের এলাকায়

রাস্তা ব্রীজ,কালভার্ট স্কুল, কলেজ,মাদ্রাসা মসজিদ, মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্টানে ব্যাপক উন্নয়ন হয়েছে। তাছাড়া বিধবা ভাতা,বয়স্কভাতা মাতৃকালীনভাতা, শিক্ষাভাতা, মুক্তিযোদ্ধাভাতা, প্রতিবন্ধিভাতাসহ পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়িয়েছে সরকার।

এ সব উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিএনপি- জামাত,তারা অহেতুক অরাজকতা সৃষ্টি করে নির্বাচন বানচালসহ ঘোলা পানিতে মাছ শিকারের পায়তারা করছে।একাত্তরের পরাজিত শক্তি জামাত ও বিএনপি যতই অরাজকতা সৃষ্টি করুক না কেন এদেশের জনগন তা শক্তহাতে প্রতিহত করবে।তাই আসুন দেশের উন্নয়ন অব্যহত রাখতে বিরোধী দলের অপশক্তিকে রুখে দিতে আবারো নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনা সরকার গঠনে সহায়তা করি।মনে রাখবেন দেশ ও মানুষের ভাগ্যে উন্নয়নে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই।ভাতাভোগি প্রায় ৫ হাজার জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা নির্বাহী অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি শহিদুল ইসলাম,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু,দর্শনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু,দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,সহ সাভাপতি শফিকুল আলম,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট,সাবেক এডিএম শেখ শাহাবুদ্দিন,সাবেক পৌর আওয়ামীলীগের সভাপতি শহিদুল ইসলাম,কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ,সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু,প্রমুখ।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার তোফাজ্জেল হোসেন।

জীবননগরে সুবিধাভোগিদের সাথে

মতবিনিময় সভা অনুষ্ঠিত

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগি মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৩ টার সময় রায়পুর ইউনিয়ন পরিষদের আয়োজনে রায়পুর হাইস্কুল মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। রায়পুর ইউনিয়নের বিভিন্ন স্তরের সাধারণ মানুষ সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগিদের সাথে এ সভা অনুষ্ঠিত হয়। মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর। ভাতাভোগি প্রায় ২ হাজার ৫শ জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

এ সময় প্রধান অতিথি বলেন,আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার আওয়ামীলীগ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসলেই দেশে উন্নয়নমূলক কাজ হয়ে থাকে।আওয়ামীলীগ সরকার সব সময় দেশ ও দেশের মানুষের উন্নয়ন নিয়ে কাজ করে থাকে ।সমাজে পিছিয়ে পড়া মানুষের কথা বিগত সরকারের আমলে কোন দিন ভাবেনি কিন্তু মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসার পর থেকে সমাজে যে সমস্থ পিছিয়ে পড়া মানুষ আছে তাদের জীবনমান উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে এবং আগামিতেও করে যাবে।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু,জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম,,রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ হোসেন মিজা প্রমুখ

জীবননগরে সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগী মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার সময় মনোহরপুর,কেডিকে ও বাকা ইউনিয়ন পরিষদ ও জীবননগর পৌরসভার আয়োজনে জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার মনোহরপুর, কেডিকে ও বাকা ইউনিয়ানের সহ জীবননগর পৌরসভার বিভিন্ন স্তরের সাধারণ মানুষ সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগিদের সাথে এ সভা অনুষ্ঠিত হয়। মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

ভাতাভোগি প্রায় ১৩হাজার জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর, জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন,বাকা ইউপি চেয়ারম্যান আঃকাদের প্রধান,কেডিকে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু,জেসিআইয়ের পরিচালক মুনতাসির আজগার আকাশ প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম।

গাংনীতে অবিভাবকদের সাথে শিক্ষকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে অবিভাবকদের সাথে শিক্ষকদের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের প্রথম কক্ষে আলোচনা শুরু করেন।

শিক্ষাক্রম ২০২৩ নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে ৬ষ্ঠ ও ৭ম শ্রেনীর শিক্ষার্থীদের অবিভাবকদের সাথে অবিভাবক সমাবেশ ও মত বিনিময় করেন।
এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজার সঞ্চালনায় উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম,সিনিয়র শিক্ষক আবু তাহের সিদ্দিকী, আমজাদ হোসেন,ফিরোজা খাতুন, আইসিটি প্রভাষক জুহিন আলম,সুমনা খাতুনসহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ তার আলোচনায় অবিভাবকদের উদ্দেশ্য করে জানান, বর্তমানে সরকারের শিক্ষা ব্যাবস্থাকে বাস্তবমুখী করে তুলতে নতুন কারিকুলাম এসেছে যার মাধ্যমে ছেলেমেয়েদের মুখস্ত বিদ্যা দূর করে ক্লাসের পড়া ক্লাসেই সম্পূর্ন হবে। ছেলে মেয়েদের যে পড়া করানো হবে তা বাস্তবে ব্যাহারিক করে, বুঝে তার প্রয়োগ সম্পূর্ন করানো হবে।এতে আর ছেলে মেয়েদের মেরে ধরে জোর করে মুখস্থ করানোর সুযোগ নেই।তাই আপনাদের ও সচেতন হতে হবে ছেলে মেয়েদের বাস্তবমুখী লেখা পড়ার ক্ষেত্রে। ছেলে মেয়েদের সাথে বন্ধু সুলভ আচরন করে তাদের কে লেখা পড়ায মনযোগী করতে হবে। আপনার খেয়াল রাখবেন বর্তমানে ছেলেরা মাদকাসক্ত হচ্ছে অল্প বয়সেই।তাই কার সাথে মিশছে কখন বাড়ি ফিরছে এ গুলো লক্ষ রাখবেন। না হলে আপনার সন্তান হুমকির মুখে চলে যাবে যা একটি সমাজ ও জাতির জন্য দুঃখ জনক হবে।

তাই আসুন আপনারা অবিভাবক ও আমরা সকলে মিলে নতুন কারিকুলাম শিক্ষা ব্যাবস্থা কে ছাত্র ছাত্রী যেন রপ্ত করে আগামী জীবন কে আলোকিত করতে পারে।

কোটচাঁদপুর শিশু নিলয় ফাউন্ডেশনের মতবিনিময় সভা

কিশোরী ক্লাব থেকে যা শিখেছেন,সেটি আপনাদের বাড়ি,গ্রাম,সমাজ তথা দেশে ছড়িয়ে দিবেন। কিশোরী কর্মসুচীর আওতায় উপস্থিত কিশোরীদের উদ্যেশে এ মন্তব্য করেন,পিকেএসএফের চেয়ারম্যান ও অনুষ্ঠানের প্রধান অতিথি ড. এম খাইরুল হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পিকেএসএফের ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন,শিশু নিলয় ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাছিমা বেগম। সঞ্চালনায় ছিলেন, শিশু নিলয় ফাউন্ডেশনের উপ পরিচালক আসিফ আহসান খান।

আজ সোমবার দুপুরে পিকেএসএফের প্রতিনিধি দল প্রথমে কোটচাঁদপুরের বাগডাঙ্গা গ্রামে প্রতিষ্ঠিত প্রবীন কর্মসুচীর আওতায় পরিচালিত প্রবীন কেন্দ্রটি। খোঁজ খবর নেন ওই কেন্দ্রের প্রবীনদের। শোনেন তাদের সমস্যা, সফলতার গল্প।

এরপর ওই প্রতিনিধি দলটি যান,এলাঙ্গী ইউনিয়ন পরিষদে। যোগ দেন কিশোরী ক্লাবের সদস্যদের নিয়ে করা আলোচনা সভায়।
যা অনুষ্ঠিত হয় বিকাল ৪ টায়। এ সময় তারা খোঁজ খবর নেন ক্লাবের সদস্যদের। এরপর উপভোগ করেন,কিশোরী ক্লাবের সদস্যদের সাংস্কৃতিক উপস্থাপনা।

জীবননগরে সুবিধাভোগিদের সাথে

মতবিনিময় সভায় এমপি টগর

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগি মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে সীমান্ত ইউনিয়ন পরিষদের আয়োজনে বন্দরের মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম, সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা সহকারী কমিশনার ভূমি তিত্রী মিত্র।

জীবননগর সীমান্ত ইউনিয়ানের বিভিন্ন স্তরের সাধারণ মানুষ ও সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগি, মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ সময় মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

মতবিনিময় সভায় ভাতাভোগি প্রায় ২২০০ জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সুবিধাভোগীদের সাথে এমপি টগরের মতবিনিময় সভা

বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হিসাবে সারা বিশ্বে পরিচিত লাভ করেছে। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় আসার একের পর এক উন্নয়নের ধারা অব্যহত রয়েছ। জাতির জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন দারিদ্র্য খুদা নিরক্ষর মুক্ত একটি সোনার বাংলাদেশ। জাতির জনকের স্বপ্ন পৃরনে তারিউ সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ও

জাতির উন্নয়নে কাজ করে যাচ্ছেন নিরন্তর। দেশের প্রতিবন্ধী ও অসহায় মানুষের কষ্ট লাগবে গ্রহন করেছে নানামুখী কর্মসৃচী। বয়স্কভাতা বিধবাভাতা মাতৃকালীনভাতা ও মুক্তিযোদ্ধা ভাতা ব্যাবস্থা করেছে। কোন মেধামী ছাত্র অর্থের অভাবে ঝরে না পড়ে সেজন্য শিক্ষা ভাতা বছরের শুরুতে বিনামূল্য বই দেওয়া হচ্ছে। রাস্তা ঘাট ব্রীজ মসজিদ, মুন্দির, স্কুল কলেজ মাদ্রাসা অসংখ্য বভনসহ অবকাঠামো উন্নয়ন করেছে শেখ হাসিনা সরকার।তাই আসুন উন্নয়নের অগ্রযাত্রা ধরে রাখতে আবারো নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে সরকার গঠনে ঐক্য বদ্ধ হয়ে কাজ করি।দামুড়হুদা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় সুবিধাভোগী ব্যাক্তিদের নিয়ে মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এসব কথা বলেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে কুড়ুলগাছি ফুটবল মাঠে আয়োজিত এ মতবিনিময় সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ,দর্শনা কেরুর প্রশাসন বিভাগের সাবেক এডিএম শেখ শাহাব উদ্দীন, কুড়ুলগাছি ইউনিয়ন আ লীগের সভাপতি এম হাবিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক মোঃ সরোয়ার হোসেন, সহসভাপতি ওসমান গনি, সাবেক চেয়ারম্যান শাহ মোঃ এনামুল করিম ইনু, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার মোফাজ্জেল হোসেন। অনুষ্ঠাটির আযোজন করেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন।

দামুড়হুদায় সুবিধা ভোগিদের নিয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা সদর ইউনিয়ন চত্বরের বোর্ড মাঠে সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধা ভোগীদের নিয়ে এক মত বিনিময় সভা অনুস্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১টায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসান মিতার সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পুনরায় নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়যুক্ত করলে দেশের মানুষ আরো বেশী বেশী সুবিধা পাবে। দেশের মানুষ এখন নিরাপদে রাত্রি যাপন করে। দেশের মানুষ এখন ডিজিটাল সেবা পাচ্ছে। বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মাতৃকালীন ভাতা, বিধবা ভাতা সহ বিভিন্ন ধরনের এসব ভাতা শেখ হাসিনার সরকারের আমলেই শুরু হয়েছে। তিনি দেশের প্রান্তিক জনগণের কথা ভাবেন। তাদের কথা চিন্তা করেন। দেশে প্রচুর পরিমাণে উন্নয়ন হয়েছে যা এখন দেশের জনগণ ভোগ করছে। কৃষিখাতে, শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে, যোগাযোগ খাতে সহ দেশের সব খাতে ব্যাপক উন্নয়ন হয়েছে।

অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ডঃ কিসিন্জার চাকমা, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু,
সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদ সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ আওয়ালীগ, যুবলীগ ছাত্রলীগ নেতাকর্মী বৃন্দ ও সুবিধাভোগী নারী পুরুষগন মত বিনিময সভায় অংশ গ্রহন করেন।

চুয়াডাঙ্গায় কমিউনিটি পুলিশিং জেলা কমিটির মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে চুয়াডাঙ্গায় কমিউনিটি পুলিশিং ডে ২০২৩ উদযাপন উপলক্ষে পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে আজ মঙ্গলবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল- মামুনের সভাপতিত্বে কমিউনিটি পুলিশিং জেলা সমন্বয় কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক এবং অন্যান্য সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

এ সময় কমিউনিটি পুলিশিং ডে সফলভাবে উদযাপন করার বিষয়ে উপস্থিত কমিটির সদস্যবৃন্দ আলোচনা করেন।

উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা কমিউনিটি পুলিশিং সদস্য সচিব মনিরুজ্জামান, ডিআইও-১, ডিএসবি আবু জিহাদ ফকরুল আলম খান, চুয়াডাঙ্গা সাংবাদিক সমিতির সভাপতি নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান, চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান রুখসানা মিতা, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রামার অফিসার কানিজ সুলতানা সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ।